



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানি লিমিটেড

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

সূচিপত্র

আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
প্রস্তাবনা	৪
সেকশন ১: আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি	৫
সেকশন ২: আঞ্চলিক / জোনাল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)	১২
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	১৩
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	১৪
সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ	১৫

আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of the Regional/Zonal Office)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

জাতীয় অর্থনৈতিক সমৃদ্ধি ও বিকাশমান শিল্পখাতের উন্নয়নে গ্যাসের ক্রমবর্ধমান চাহিদা পূরণ এবং জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) আমদানি করা হচ্ছে। ইতিমধ্যে Build-Own-Operate-Transfer (BOOT) ভিত্তিতে কক্সবাজারের মহেশখালিতে প্রতিটি ৫০০ এমএমসিএফডি ক্ষমতাসম্পন্ন ০২টি ভাসমান এলএনজি টার্মিনাল (FSRU) স্থাপন করা হয়েছে। সম্পাদিত চুক্তি অনুসরণে কাতার, ওমান এবং স্পট মার্কেট থেকে এপ্রিল ২০২৩ পর্যন্ত ১৯.৩৫ মিলিয়ন মেট্রিক টন এলএনজি আমদানিপূর্বক এফএসআরইউ-এর মাধ্যমে রি-গ্যাসিফাই করে জাতীয় গ্রিডে আরএলএনজি (গ্যাস) সরবরাহ করা হয়েছে। মাতারবাড়িতে ১০০০ এমএমসিএফডি ক্ষমতাসম্পন্ন স্থলভিত্তিক এলএনজি টার্মিনাল নির্মাণের কার্যক্রম চলমান রয়েছে। কোম্পানির আশুগঞ্জ স্থাপনায় ৭৯২.০০ মিলিয়ন লিটার কনডেনসেট গ্রহণ ও মজুদপূর্বক বিপিসি এবং বেসরকারি রিফাইনারি প্রতিষ্ঠানের নিকট সরবরাহ করা হয়েছে। আরপিজিসিএল এর সিএনজি স্টেশন হতে প্রায় ৫.৮৬ এমএমসিএম সিএনজি বিক্রয়ের মাধ্যমে বায়ু দূষণরোধ তথা পরিবেশের উন্নয়নে বিশেষ অবদান রাখা হয়। নিরাপত্তার স্বার্থে যানবাহনে সংযোজিত সিএনজি সিলিন্ডার প্রতি ০৫ বছর পর পর রি-টেস্ট করানোর বাধ্যবাধকতা রয়েছে। কোম্পানির দু'টি সিলিন্ডার রি-টেস্টিং সেন্টার থেকে গত ৩ বছরে প্রায় ৩,৮৮০ টি সিএনজি সিলিন্ডার রিটেস্টপূর্বক ফিটনেস সার্টিফিকেট প্রদান করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

সরকারের সিদ্ধান্ত অনুযায়ী অফস্পেক পেট্রোল উত্তোলন ০১ সেপ্টেম্বর ২০২০ তারিখ হতে বন্ধ রয়েছে। ফলে, কোম্পানির কৈলাশটিলা এলপিজি প্লান্টের উৎপাদন কার্যক্রম গত ০২ সেপ্টেম্বর ২০২০ তারিখ হতে সম্পূর্ণরূপে বন্ধ রয়েছে। কোম্পানির এ প্লান্টটি চালু করা এবং উৎপাদন অব্যাহত রাখা কোম্পানির জন্য একটি বড় চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা:

কক্সবাজারের মহেশখালিতে স্থাপিত ০২টি ভাসমান এলএনজি টার্মিনাল (FSRU)-এর মাধ্যমে জাতীয় গ্যাস গ্রিডে আরএলএনজি সরবরাহের লক্ষ্যে আগামী ০৩ অর্থবছরে ১১.৭ মিলিয়ন মেট্রিক টন এলএনজি আমদানির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। দেশের ক্রমবর্ধমান অর্থনৈতিক প্রবৃদ্ধির সাথে গ্যাসের চাহিদা ক্রমাগত বৃদ্ধির পরিপ্রেক্ষিতে ২০২৬ সালের মধ্যে মহেশখালিতে ৫০০ এমএমসিএফডি ক্ষমতাসম্পন্ন ৩য় FSRU এবং ২০৩০ সালের মধ্যে কক্সবাজারের মাতারবাড়িতে ১০০০ এমএমসিএফডি ক্ষমতাসম্পন্ন একটি ল্যান্ড বেইজড এলএনজি টার্মিনাল স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও পটুয়াখালীর পায়রায় ৫০০-১০০০ এমএমসিএফডি ক্ষমতাসম্পন্ন FSRU স্থাপনের প্রক্রিয়াকরণ কার্যক্রম চলমান রয়েছে। দেশের উত্তর-পূর্বাঞ্চলে গ্যাস উৎপাদন বৃদ্ধির সাথে সাথে বর্ধিত হারে উৎপাদিতব্য কনডেনসেট মজুদ ও বিতরণ ব্যবস্থা নির্বিঘ্ন করার লক্ষ্যে কোম্পানির আশুগঞ্জ কনডেনসেট হ্যান্ডলিং স্থাপনায় প্রয়োজনীয় অবকাঠামো গড়ে তোলা এবং প্রাপ্যতা সাপেক্ষে ২৭০ মিলিয়ন লিটার কনডেনসেট হ্যান্ডলিং এর পরিকল্পনা রয়েছে। আগামী ০৩ বছরে ২,৫২০ টি সিএনজি সিলিন্ডার রিটেস্টকরণ এবং ৫.০৪ এমএমসিএম সিএনজি বিক্রয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ৩.৯০ মিলিয়ন মেট্রিক টন এলএনজি আমদানি এবং সরবরাহ;
- ৯০ মিলিয়ন লিটার কনডেনসেট হ্যান্ডলিং;
- ১.৬৮ এমএমসিএম সিএনজি বিক্রয় এবং ৮০০ টি সিএনজি সিলিন্ডার রিটেস্টকরণ;
- ৫০০ জন কর্মকর্তা-কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান;
- নিরাপদ ও মানসম্মত সিএনজি/বিকল্প জ্বালানি ব্যবহারের লক্ষ্যে সিএনজি স্টেশন/রূপান্তর কারখানা সংশ্লিষ্ট জনবলকে প্রশিক্ষণ প্রদানের জন্য ১টি প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানি লিমিটেড

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন-এর মধ্যে ২০২৩ সালের মাসের তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

প্রাকৃতিক গ্যাস ও জ্বালানি সরবরাহ নিশ্চিতকরণের মাধ্যমে টেকসই উন্নয়নে অগ্রণী ভূমিকা পালন।

১.২ অভিলক্ষ্য (Mission)

নিরবচ্ছিন্ন জ্বালানি সরবরাহে এলএনজি আমদানি, রি-গ্যাসিফিকেশন ও বিতরণ, কনডেনসেট সরবরাহ, যানবাহনে বিকল্প জ্বালানি ব্যবহার এবং পেট্রোলিয়াম গণ্য উৎপাদন ও বিতরণের মাধ্যমে টেকসই জাতীয় উন্নয়নে অবদান রাখা।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে জ্বালানি নিরাপত্তা বৃদ্ধিকরণ
২. পরিবেশবান্ধব জ্বালানি সরবরাহ পরিবীক্ষণ ও নিরাপদ ব্যবহার নিশ্চিতকরণ
৩. মানবসম্পদের দক্ষতা উন্নয়ন

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির সাথে ক্রমবর্ধমান গ্যাসের চাহিদা পূরণের লক্ষ্যে পেট্রোবাংলার পক্ষে এলএনজি আমদানি;
২. কক্সবাজারের মাতারবাড়িতে ১০০০ এমএমসিএফডি ক্ষমতাসম্পন্ন একটি ল্যান্ড বেইজড এলএনজি টার্মিনাল স্থাপন;
৩. দেশের গ্যাস ফিল্ড হতে প্রাপ্ত উপজাত (এনজিএল ও কনডেনসেট) প্রসেস করে টেকসই ও মানসম্মত পেট্রোলিয়ামজাত দ্রব্য (এলপিজি, এমএস এবং এইচএসডি) উৎপাদন;
৪. দেশের গ্যাসফিল্ডসমূহের উৎপাদন নিরবচ্ছিন্ন রাখার স্বার্থে কোম্পানির আশুগঞ্জ স্থাপনায় কনডেনসেট হ্যান্ডলিং কার্যক্রম নিরবচ্ছিন্ন রাখা;
৫. যানবাহন সিএনজিতে রূপান্তর, সিলিন্ডার রিটেস্টকরণ, সিএনজি বিক্রয়, সিএনজি স্টেশন ও রূপান্তর ওয়ার্কশপ নিয়মিত পরিদর্শন/তদারকিকরণ। যানবাহনে সিএনজি ও এলপিজির ব্যবহার সম্প্রসারণ এবং সেইফটি বিষয়ে গণসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ।
৬. নিরাপদ ও মানসম্মত সিএনজি/বিকল্প জ্বালানি ব্যবহারের লক্ষ্যে সিএনজি স্টেশন/রূপান্তর কারখানা সংশ্লিষ্ট জনবলকে প্রশিক্ষণ প্রদানের জন্য ১টি প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন।

সেকশন ২
বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০২১-২২	প্রকৃত অর্জন* ২০২২-২৩	লক্ষ্যমাত্রা ২০২৩-২৪	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাস্তসূত্র
						২০২৪-২০২৫	২০২৫-২০২৬		
মাথাপিছু অনবায়নযোগ্য জ্বালানি ব্যবহার	মাথাপিছু এলএনজি ব্যবহার	সমতুল্য কি.গ্রা. তৈল	৩৯.২১৪১	২৬.৪১৩০	২৬.১৫১৫	২৫.৮৯২৬	২৫.৬৩৬২	প্রতিরক্ষা মন্ত্রণালয়/ নৌ পরিবহন মন্ত্রণালয়/ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ/পেট্রোবাংলা ও সংশ্লিষ্ট বিতরণ কোম্পানিসমূহ, এমএলএনজি ও এসএলএনজি টার্মিনাল/বিইআরসি/কাস্টমস/অর্থমন্ত্রণালয় /জাতীয় রাজস্ব বোর্ড	এলএনজি বিভাগ
পেট্রোলের পরিবর্তে সিএনজি ব্যবহারের ফলে বাতাসে কার্বন ডাই অক্সাইড নিঃসরণ হ্রাসকরণ	কার্বন ডাই অক্সাইড নিঃসরণ হ্রাসকৃত।	মেট্রিক টন	৩০২	১৯৭	২৪৭	২৪৭	২৪৭	তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ, ঢাকা বিদ্যুৎ বিতরণ কোম্পানি লিঃ	সিএনজি বিভাগ

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩
কর্মসম্পাদন পরিকল্পনা

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২১-২২	প্রকৃত অর্জন* ২০২২-২৩	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪					প্রক্ষেপণ ২০২৪-২০২৫	প্রক্ষেপণ ২০২৫-২০২৬	
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে			
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%			
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র																
[১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে জ্বালানি নিরাপত্তা বৃদ্ধিকরণ	২৫	[১.১] এলএনজি আমদানি	[১.১.১] এলএনজি আমদানিকৃত	সমষ্টি	মিলিয়ন মেট্রিক টন	১৫	৫.০৬২	৩.১৫০	৩.৯০০	৩.৫০০	৩.১০০	২.৭০০	২.৩০০	৩.৯০০	৩.৯০০	
		[১.২] স্টোরেজ ও রিগ্যাসিফিকেশন ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ৩য় FSRU স্থাপনের জন্য চুক্তি প্রক্রিয়া সম্পন্নকরণ	[১.২.১] সম্পন্নকৃত চুক্তি প্রক্রিয়া	তারিখ	তারিখ	৩			৩০.০৪.২৪	১৫.০৬.২৪						
		[১.৩] কনডেনসেট হ্যান্ডলিং	[১.৩.১] আশুগঞ্জ স্থাপনায় কনডেনসেট হ্যান্ডলিংকৃত	সমষ্টি	মিলিয়ন লিটার	৪	১৯৭.৪৮	১০৭.২১	৯৯						৯০.০০	৯০.০০
		[১.৪] সিএনজি বিক্রয় কার্যক্রম	[১.৪.১] সিএনজি বিক্রয়কৃত	সমষ্টি	এমএমসিএম	৩	২.০৫	১.৫২৩১	১.৫১২						১.৬৮	১.৬৮
[২] পরিবেশবান্ধব জ্বালানি সরবরাহ পরিবীক্ষণ ও নিরাপদ ব্যবহার নিশ্চিতকরণ	২৫	[২.১] সিলিন্ডার রিটেস্ট	[২.১.১] সিলিন্ডার রিটেস্টকৃত	সমষ্টি	সংখ্যা	১২	১০৫৩	৭৮৫	৮৮০					৬০০	৬০০	
		[২.২] নিরাপদ ও মানসম্মত সিএনজি স্টেশন পরিচালনা ও কনভারশনের জন্য প্রশিক্ষণ প্রদান	[২.২.১] নিরাপদ জ্বালানি ব্যবহার সংক্রান্ত ট্রেনিং প্রোগ্রাম আয়োজিত	সমষ্টি	সংখ্যা	২	৩	১	১						১	১
		[২.৩] সিএনজি কার্যক্রম মনিটরিং	[২.৩.১] সিএনজি ফিলিং স্টেশন ও কনভারশন ওয়ার্কশপ পরিদর্শনকৃত	সমষ্টি	সংখ্যা	১১	৬০	৪৬	৫০	৪৫	৪০	৩৫	৩০	৫০	৫০	

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২১-২২	প্রকৃত অর্জন* ২০২২-২৩	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪					প্রক্ষেপণ ২০২৪-২০২৫	প্রক্ষেপণ ২০২৫-২০২৬
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[৩] মানবসম্পদের দক্ষতা উন্নয়ন	২০	[৩.১] কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান	[৩.১.১] প্রশিক্ষিত জনবল (জন প্রশিক্ষণ)	সমষ্টি	সংখ্যা	১২	১৮৭	৯১৯	৫০০	৪৫০	৪০০	৩৫০	৩০০	৫০০	৫০০
		[৩.২] অভ্যন্তরীণ শিখন সেশন পরিচালনা	[৩.২.১] শিখন সেশন পরিচালিত	সমষ্টি	সংখ্যা	৪	৪	৬	৪	৩	২	১		৪	৪
		[৩.৩] শূন্য পদের বিপরীতে জনবল নিয়োগকরণ	[৩.৩.১] নিয়োগপত্র ইস্যুকৃত	তারিখ	তারিখ	৪		০৫.০২.২৩	২৭.০১.২৪						

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২১-২২	প্রকৃত অর্জন* ২০২২-২৩	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪					প্রক্ষেপণ ২০২৪-২০২৫	প্রক্ষেপণ ২০২৫-২০২৬
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৪									
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									
		[১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									

*সাময়িক (provisional) তথ্য

আমি, ব্যবস্থাপনা পরিচালক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানি লিমিটেড, চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন-এর নিকট অঞ্জীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন হিসাবে ব্যবস্থাপনা পরিচালক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানি লিমিটেড-এর নিকট অঞ্জীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

ব্যবস্থাপনা পরিচালক
রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানি লিমিটেড

তারিখ

চেয়ারম্যান
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ
করপোরেশন

তারিখ

সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	FSRU	Floating Storage and Regasification Unit
২	আর-এলএনজি	রি-গ্যাসিফাইড লিকুইফাইড ন্যাচারাল গ্যাস
৩	আরপিজিসিএল	রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড
৪	এইচএসডি	হাইস্পিড ডিজেল
৫	এনজিএল	ন্যাচারাল গ্যাস লিকুইডস
৬	এনজিডি	ন্যাচারাল গ্যাস ভেহিকল
৭	এফএসআরইউ	ফ্লোটিং স্টোরেজ রি-গ্যাসিফিকেশন ইউনিট
৮	এমএমসিএফ	মিলিয়ন কিউবিক ফিট
৯	এমএমসিএফডি	মিলিয়ন কিউবিক ফিট/দিন
১০	এমএমসিএম	মিলিয়ন কিউবিক মিটার
১১	এমএলএনজি	মহেশখালি এলএনজি টার্মিনাল
১২	এমএস	মটর স্পিরিট (পেট্রোল)
১৩	এমবিপিএস	মেগাবিটস পার সেকেন্ড
১৪	এলএনজি	লিকুইফাইড ন্যাচারাল গ্যাস
১৫	এলপিজি	লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস
১৬	এসএলএনজি	সামিট এলএনজি টার্মিনাল
১৭	কি.গ্রা.	কিলোগ্রাম
১৮	পেট্রোবাংলা	বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন
১৯	বিইআরসি	বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন
২০	বিসিএফ	বিলিয়ন কিউবিক ফিট
২১	সিএনজি	কমপ্রেসড ন্যাচারাল গ্যাস

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১] এলএনজি আমদানি	[১.১.১] এলএনজি আমদানিকৃত	এলএনজি ডিভিশন	সংশ্লিষ্ট ডিভিশনের মাসিক প্রতিবেদন
[১.২] স্টোরেজ ও রিগ্যাসিফিকেশন ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ৩য় FSRU স্থাপনের জন্য চুক্তি প্রক্রিয়া সম্পন্নকরণ	[১.২.১] সম্পন্নকৃত চুক্তি প্রক্রিয়া	এলএনজি ডিভিশন	সংশ্লিষ্ট ডিভিশনের মাসিক প্রতিবেদন
[১.৩] কনডেনসেট হ্যান্ডলিং	[১.৩.১] আশুগঞ্জ স্থাপনায় কনডেনসেট হ্যান্ডলিংকৃত	আশুগঞ্জ কনডেনসেট হ্যান্ডলিং স্থাপনা, অপারেশন বিভাগ	সংশ্লিষ্ট ডিভিশনের মাসিক প্রতিবেদন
[১.৪] সিএনজি বিক্রয় কার্যক্রম	[১.৪.১] সিএনজি বিক্রয়কৃত	সিএসএস ডিপার্টমেন্ট	সংশ্লিষ্ট ডিভিশনের মাসিক প্রতিবেদন
[২.১] সিলিন্ডার রিটেস্ট	[২.১.১] সিলিন্ডার রিটেস্টকৃত	সিএসএস ডিপার্টমেন্ট	সংশ্লিষ্ট ডিভিশনের মাসিক প্রতিবেদন
[২.২] নিরাপদ ও মানসম্মত সিএনজি স্টেশন পরিচালনা ও কনভারশনের জন্য প্রশিক্ষণ প্রদান	[২.২.১] নিরাপদ জ্বালানি ব্যবহার সংক্রান্ত ট্রেনিং প্রোগ্রাম আয়োজিত	পিএন্ডডি ডিভিশন	প্রশিক্ষণার্থীদের হাজিরা বিবরণী/অফিস আদেশ
[২.৩] সিএনজি কার্যক্রম মনিটরিং	[২.৩.১] সিএনজি ফিলিং স্টেশন ও কনভারশন ওয়ার্কশপ পরিদর্শনকৃত	পিএন্ডএম ডিপার্টমেন্ট	পরিদর্শন রিপোর্ট
[৩.১] কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান	[৩.১.১] প্রশিক্ষিত জনবল (জন প্রশিক্ষণ)	এইচআর ডিপার্টমেন্ট	প্রশিক্ষণের নোটিশ/প্রশিক্ষণার্থীদের হাজিরা তালিকা
[৩.২] অভ্যন্তরীণ শিখন সেশন পরিচালনা	[৩.২.১] শিখন সেশন পরিচালিত	এইচআর ডিপার্টমেন্ট	প্রশিক্ষণের নোটিশ/প্রশিক্ষণার্থীদের হাজিরা তালিকা
[৩.৩] শূণ্য পদের বিপরীতে জনবল নিয়োগকরণ	[৩.৩.১] নিয়োগপত্র ইস্যুকৃত	এইচআর ডিপার্টমেন্ট	প্রশাসন বিভাগের প্রতিবেদন / অফিস আদেশ / নিয়োগ পত্র

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
এলএনজি আমদানি	এলএনজি আমদানিকৃত	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ/পেট্রোবাংলা ও সংশ্লিষ্ট বিতরণ কোম্পানিসমূহ, এমএলএনজি ও এসএলএনজি টার্মিনাল/বিইআরসি/কাস্টমস/অর্থমন্ত্রণালয় /জাতীয় রাজস্ব বোর্ড	পত্র যোগাযোগ, ই-নথি, ই-মেইল, টেলিযোগাযোগ, সভা (অনলাইন/সরাসরি)
স্টোরেজ ও রিগ্যাসিফিকেশন ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ৩য় FSRU স্থাপনের জন্য চুক্তি প্রক্রিয়া সম্পন্নকরণ	সম্পন্নকৃত চুক্তি প্রক্রিয়া	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ/পেট্রোবাংলা ও বিভিন্ন দেশীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানসমূহ	পত্র যোগাযোগ, ই-নথি, ই-মেইল, টেলিযোগাযোগ, সভা (অনলাইন/সরাসরি)
কনডেনসেট হ্যান্ডলিং	আশুগঞ্জ স্থাপনায় কনডেনসেট হ্যান্ডলিংকৃত	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ; পেট্রোবাংলা এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক বরাদ্দ প্রাপ্ত সরকারি কনডেনসেট ফ্রাকশনেশন প্লান্ট ও বেসরকারি কনডেনসেট ফ্রাকশনেশন প্লান্ট।	পত্র যোগাযোগ, ই-নথি, ই-মেইল, টেলিযোগাযোগ, সভা (অনলাইন/সরাসরি)
সিএনজি বিক্রয় কার্যক্রম	সিএনজি বিক্রয়কৃত	তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড	পত্র যোগাযোগ, ই-নথি, ই-মেইল, টেলিযোগাযোগ, সভা (অনলাইন/সরাসরি)
সিলিন্ডার রিটেস্ট	সিলিন্ডার রিটেস্টকৃত	সিএনজি স্টেশন, সরকারি দপ্তর/বেসরকারি মালিকাস্বীকৃত	পত্র যোগাযোগ, ই-নথি, ই-মেইল, টেলিযোগাযোগ, সভা (অনলাইন/সরাসরি)
নিরাপদ ও মানসম্মত সিএনজি স্টেশন পরিচালনা ও কনভারশনের জন্য প্রশিক্ষণ প্রদান	নিরাপদ জ্বালানি ব্যবহার সংক্রান্ত ট্রেনিং প্রোগ্রাম আয়োজিত	সিএনজি ফিলিং স্টেশন/ কনভারশন সেন্টার	পত্র যোগাযোগ, ই-নথি, ই-মেইল, টেলিযোগাযোগ, সভা (অনলাইন/সরাসরি)
সিএনজি কার্যক্রম মনিটরিং	সিএনজি ফিলিং স্টেশন ও কনভারশন ওয়ার্কশপ পরিদর্শনকৃত	অনুমোদিত বেসরকারি সিএনজি ফিলিং স্টেশন ও কনভারশন ওয়ার্কশপ	পত্র যোগাযোগ, ই-নথি, ই-মেইল, টেলিযোগাযোগ, সভা (অনলাইন/সরাসরি)
কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান	প্রশিক্ষিত জনবল	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা, সরকারি/বেসরকারি প্রশিক্ষণ ইনস্টিটিউট	পত্র যোগাযোগ, ই-নথি, ই-মেইল, টেলিযোগাযোগ, সভা (অনলাইন/সরাসরি)
অভ্যন্তরীণ শিখন সেশন পরিচালনা	শিখন সেশন পরিচালিত	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা, সরকারি/বেসরকারি প্রশিক্ষণ ইনস্টিটিউট	পত্র যোগাযোগ, ই-নথি, ই-মেইল, টেলিযোগাযোগ, সভা (অনলাইন/সরাসরি)
শূণ্য পদের বিপরীতে জনবল নিয়োগকরণ	নিয়োগপত্র ইস্যুকৃত	পেট্রোবাংলা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	পত্র যোগাযোগ, ই-নথি, ই-মেইল, টেলিযোগাযোগ, সভা (অনলাইন/সরাসরি)

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ